

[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-২০/মুসক/২০২০

তারিখঃ ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ একাডেমি অব সাইন্স কর্তৃক গবেষক, বিজ্ঞানী এবং একাডেমিক সম্প্রদায়ের ব্যবহারের জন্য ইলেক্ট্রনিক অনলাইন জার্নাল এবং ডাটাবেসের সাবস্ক্রিপশনের উপর মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, বাংলাদেশ একাডেমি অব সাইন্স একটি অলাভজনক গবেষণামূলক প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে আমদানিকৃত অনলাইন ইলেকট্রনিক জার্নাল, অনলাইন ইলেক্ট্রনিক বুক এবং অনলাইন ইলেকট্রনিক ডাটাবেজ এক্সেস সংক্রান্ত সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি কামনা করা হইয়াছে; এবং

যেহেতু, বাংলাদেশ একাডেমি অব সাইন্স হইতে দেশের গবেষক, বিজ্ঞানীগণ সহায়তা পাইয়া থাকেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি, আইসিডিডিআরবি ইত্যাদি উক্ত প্রতিষ্ঠানের সক্রিয় সদস্য;

সেহেতু, সরকারের অনুমোদনক্রমে জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ একাডেমি অব সাইন্স কর্তৃক অনলাইনে বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে আমদানিকৃত অনলাইন ইলেকট্রনিক জার্নাল, অনলাইন ইলেক্ট্রনিক বুক এবং অনলাইন ইলেকট্রনিক ডাটাবেজ এক্সেস সংক্রান্ত সেবামূল্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল। এই অব্যাহতির মেয়াদ ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

  
( কাজী ফরিদ উদ্দিন )

প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

[ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০১.১২/৬৫৫(১৭)

তারিখঃ ২৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১-৩। সদস্য (মুসক নীতি)/ (মুসক বাস্তবায়ন ও আইটি)/ (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৬। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা।
- ১৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ১৮। সেক্রেটারি, বাংলাদেশ বিজ্ঞান একাডেমি, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ভবন, আগারগাঁও, ঢাকা।
- ১৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ]।
- ২০। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [ চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য ]।

  
( কাজী রেজাউল হাসান )  
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)